প্রথম আলো

তারিখ: 23 FEB 2015
পৃষ্ঠা ১ কলাম ২

# অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তি করালে প্রশাসনিক ভবন ঘেরাও

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে অনুত্তীর্ণ পোষ্যদের অতিরিক্ত (গ্রেস) নম্বর দিয়ে ভর্তি করালে প্রশাসনিক ভবন ঘেরাও করা হবে বলে জানিয়েছেন শিক্ষক-শিক্ষার্থীরা। এ ছাড়া অনুত্তীর্ণদের ভর্তি না করার দাবিতে আজ সোমবার মানববন্ধন করবেন তাঁরা।

শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চের ব্যানারে গতকাল বেলা সাড়ে তিনটার দিকে বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের শিক্ষক লাউঞ্জে সংবাদ সম্মেলনে এসব কথা জানানো হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক রায়হান রাইন।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

লিখিত বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন একটি বিজ্ঞাপিত নীতিমালায় এ বছরের ভর্তি পরীক্ষা গ্রহণ করেছে। কিন্তু পরীক্ষার পর সেই নীতিমালা থেকে সরে এসে কতিপয় পরীক্ষার্থীকে ভর্তি করা অবৈধ ও অন্যায়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন-ইতিহাস বিভাগের শিক্ষক এ টি এম আতিকুর রহমান, মোহাম্মদ গোলাম রব্বানী, আনিছা পারভীন, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের মো. আমিনুল ইসলাম; পরিসংখ্যান বিভাগের মোহা. মুজিবুর রহমান, দর্শন বিভাগের এ এস এম আনোয়ারুল্লাহ ভূঁইয়া, ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় সংসদের সাধারণ সম্পাদক দীপাঞ্জন সিদ্ধান্ত, বিশ্ববিদ্যালয় শাখা সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক সুষ্মিতা মরিয়ম, জাহাঙ্গীরনগর থিয়েটারের সাধারণ সম্পাদক জুবায়ের টিপু প্রমুখ।

এ বছর ভর্তি পরীক্ষায় অনুত্তীর্ণ ৯৬ জন পোষ্যকে ভর্তি করানোর জন্য প্রশাসনকে কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন সংগঠন থেকে আজ সোমবার পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়েছে। এর আগে গত আগস্ট মাসে তাদের দাবির মুখে ভর্তি পরীক্ষার যোগ্যতা শিথিল করে পুনর্বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রশাসন। এখন দ্বিতীয় দফায় অনুত্তীর্ণদের ভর্তির দাবি জানাচ্ছে তাঁরা।